গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়
সাধারণ শাখা
www.panchagarh.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৭.৭৭০০.০০৯.৩১.৯২.২৪. ৪৮৪ তারিখ : ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

**বিষয়: পঞ্চগড় জেলার খসড়া সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Governance Performance Monitoring System-GPMS) প্রস্তুতপূর্বক প্রেরণ**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে পঞ্চগড় জেলার খসড়া সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (Government Performance Monitoring System-GPMS) এর সেকশন-১ (ভিশন, মিশন এবং তিন বছর মেয়াদি পরিকল্পনা) এবং সেকশন-২ (২০২৬-২০২৭) অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা) এবং (সংযোজনী ১-৪) প্রস্তুতপূর্বক সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এসাথে প্রেরণ করা হলো।

৩০/০৬/২০২৬
মোসা: শুকরিয়া পারভীন
জেলা প্রশাসক
পঞ্চগড়
ফোন নম্বর : ০২৫৮৯৯৪২০০০
ইমেইল: dcpanchagarh@mopa.gov.bd

বিভাগীয় কমিশনার
রংপুর বিভাগ, রংপুর

স্মারক নম্বর: ০৫.৪৭.৭৭০০.০০৯.৩১.৯২.২৪. তারিখ: আষাঢ় ১৪৩৩ / জুন ২০২৬

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:
১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। অফিসকপি।

৩০/০৬/২০২৬
মোসা: শুকরিয়া পারভীন
জেলা প্রশাসক
পঞ্চগড়

CamScanner

# সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি/ Governance Performance Monitoring System (GPMS)

জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়

# সেকশন ১

## ভিশন, মিশন

**১। ভিশনঃ** একটি সমৃদ্ধ, উন্নত ও স্বনির্ভর জেলা বিনির্মাণ।

**২। মিশনঃ** জনবান্ধব সেবা ও দক্ষ মানবসম্পদ তৈরি।

**৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা:**

| ক্রমিক | পরিকল্পনা | অর্থবছর ভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২০২৭ | ২০২৭-২০২৮ | ২০২৮-২০২৯ |
| ১ | ৫ বছরের উর্ধ্বে সার্টিফিকেট মামলা নিষ্পত্তি | ৫ বছরের উর্ধ্বে অনিষ্পন্ন সার্টিফিকেট মামলার ৫০% নিষ্পত্তি | ৫ বছরের উর্ধ্বে অনিষ্পন্ন সার্টিফিকেট মামলার ৬০% নিষ্পত্তি | ৫ বছরের উর্ধ্বে অনিষ্পন্ন সার্টিফিকেট মামলার ৭০% নিষ্পত্তি |
| ২ | ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ডসহ সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতাধীন সকল ধরনের কার্ড বিতরণ | সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক ফ্যামিলি কার্ড বিতরণ ১০০% বাস্তবায়ন | সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক ফ্যামিলি কার্ড বিতরণ ১০০% বাস্তবায়ন | সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক ফ্যামিলি কার্ড বিতরণ ১০০% বাস্তবায়ন |
| | | সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক কৃষক কার্ড বিতরণ ১০০% বাস্তবায়ন | সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক ফ্যামিলি কার্ড বিতরণ ১০০% বাস্তবায়ন | সরকার কর্তৃক নির্ধারিত সংখ্যক ফ্যামিলি কার্ড বিতরণ ১০০% বাস্তবায়ন |
| ৩ | এসিড ও ডিলিং লাইসেন্স অনলাইনে নবায়ন ও নতুন প্রদান | লাইসেন্সবিহীনদের ডেটাবেজ তৈরি ৩০% বাস্তবায়ন | লাইসেন্সবিহীনদের ডেটাবেজ তৈরি ৪০% বাস্তবায়ন | লাইসেন্সবিহীনদের ডেটাবেজ তৈরি ৫০% বাস্তবায়ন |
| | | অনলাইনে নবায়ন ও নতুন প্রদান ৩০% বাস্তবায়ন | অনলাইনে নবায়ন ও নতুন প্রদান ৪০% বাস্তবায়ন | অনলাইনে নবায়ন ও নতুন প্রদান ৫০% বাস্তবায়ন |
| ৪ | জন্ম ও মৃত্যু নিবন্ধনের শতকরা হার বৃদ্ধি | জন্ম নিবন্ধন হার ১০০% অর্জন | জন্ম নিবন্ধন হার ১০০% অর্জন | জন্ম নিবন্ধন হার ১০০% অর্জন |
| | | মৃত্যু নিবন্ধন হার ৫০% অর্জন | মৃত্যু নিবন্ধন হার ৬০% অর্জন | মৃত্যু নিবন্ধন হার ৭০% অর্জন |
| ৫ | GRS এ প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | ২০ কার্যদিবসের মধ্যে শতভাগ নিষ্পত্তি | ১৫ কার্যদিবসের মধ্যে শতভাগ নিষ্পত্তি | ১০ কার্যদিবসের মধ্যে শতভাগ নিষ্পত্তি |
| ৬ | ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি | সকল উপজেলায় ২০০০ ছাত্র ছাত্রীদের মাঝে চারাগাছ বিতরণ | সকল উপজেলায় ৪০০০ ছাত্র ছাত্রীদের মাঝে চারাগাছ বিতরণ | সকল উপজেলায় ৮০০০ ছাত্র ছাত্রীদের মাঝে চারাগাছ বিতরণ |
| ৭ | ডে-কেয়ার সেন্টার ও ব্রেস্ট ফিডিং কর্নার স্থাপন | ৫ টি উপজেলায় ৩টি ডে-কেয়ার সেন্টার ও ব্রেস্ট ফিডিং কর্নার স্থাপন | জেলা সদরসহ ৫ টি উপজেলায় ৬ টি ডে-কেয়ার সেন্টার ও ব্রেস্ট ফিডিং কর্নার স্থাপন | জেলা সদরসহ ৫ টি উপজেলায় ৯ টি ডে-কেয়ার সেন্টার ও ব্রেস্ট ফিডিং কর্নার স্থাপন |
| ৮ | বাজারে নারীদের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেট স্থাপন | ২টি উপজেলার গুরুত্বপূর্ণ বাজারে ২টি টয়লেট স্থাপন | জেলা সদরসহ গুরুত্বপূর্ণ বাজারে ৩টি টয়লেট স্থাপন | জেলা সদরসহ গুরুত্বপূর্ণ বাজারে ৫টি টয়লেট স্থাপন |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৯ | সীমান্তবর্তী এলাকায় অপরাধ হ্রাস | সীমান্তবর্তী গ্রামে সচেতনতামূলক ১২ টি উঠান বৈঠকের আয়োজন | সীমান্তবর্তী গ্রামে সচেতনতামূলক ১৮ টি উঠান বৈঠকের আয়োজন | সীমান্তবর্তী গ্রামে সচেতনতামূলক ২৪ টি উঠান বৈঠকের আয়োজন |
| ১০ | মাঠ প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ | মাঠ প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীদের ৭০ জনকে প্রশিক্ষণ প্রদান | মাঠ প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীদের ৮০ জনকে প্রশিক্ষণ প্রদান | মাঠ প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীদের ৮৫ জনকে প্রশিক্ষণ প্রদান |
| ১১ | ভূমি অধিগ্রহণ মামলার নিষ্পত্তির হার বৃদ্ধি | মামলা নিষ্পত্তির হার ৪০% বৃদ্ধি | মামলা নিষ্পত্তির হার ৫০% বৃদ্ধি | মামলা নিষ্পত্তির হার ৬০% বৃদ্ধি |
| ১২ | প্রান্তিক জনগণের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি | স্বাস্থ্যবিধি ও স্বাস্থ্যসেবা সম্পর্কে ১২টি অবহিতকরণ সভা | স্বাস্থ্যবিধি ও স্বাস্থ্যসেবা সম্পর্কে ১৮টি অবহিতকরণ সভা | স্বাস্থ্যবিধি ও স্বাস্থ্যসেবা সম্পর্কে ২৪টি অবহিতকরণ সভা |
| ১৩ | বিশেষ চাহিদাসম্পন্ন নাগরিকদের কর্মসংস্থান | ১০ জন | ১৫ জন | ২০ জন |
| ১৪ | উদীয়মান খেলোয়াড়দের পৃষ্ঠপোষকতা প্রদান | বিভিন্ন ইভেন্টের অধীনে ৪টি টুর্নামেন্ট আয়োজন | বিভিন্ন ইভেন্টের অধীনে ৬টি টুর্নামেন্ট আয়োজন | বিভিন্ন ইভেন্টের অধীনে ৮টি টুর্নামেন্ট আয়োজন |
| ১৫ | পর্যটন শিল্পের বিকাশে কার্যকর উদ্যোগ গ্রহণ | পঞ্চগড় জেলায় পর্যটন শিল্পের বিকাশে স্থানীয় স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করে ৪ টি কর্মশালা আয়োজন | পঞ্চগড় জেলায় পর্যটন শিল্পের বিকাশে স্থানীয় স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করে ৫ টি কর্মশালা আয়োজন | পঞ্চগড় জেলায় পর্যটন শিল্পের বিকাশে স্থানীয় স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করে ৬ টি কর্মশালা আয়োজন |
| | | পর্যটন শিল্প বিকাশে ১৫ জন গাইডদেরকে প্রশিক্ষণ | পর্যটন শিল্প বিকাশে ২০ জন গাইডদেরকে প্রশিক্ষণ | পর্যটন শিল্প বিকাশে ২৫ জন গাইডদেরকে প্রশিক্ষণ |
| ১৬ | পরিচ্ছন্নতা/বর্জ্য ব্যবস্থাপনা | পরিচ্ছন্নতা/বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে সচেতনতামূলক সভা/সেমিনার/পরিচ্ছন্নতা অভিযানের আয়োজন ১২ টি | পরিচ্ছন্নতা/বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে সভা/সেমিনার/পরিচ্ছন্নতা অভিযানের আয়োজন ২৪ টি | পরিচ্ছন্নতা/বর্জ্য ব্যবস্থাপনা বিষয়ে সচেতনতামূলক সভা/সেমিনার/পরিচ্ছন্নতা অভিযানের আয়োজন ৪০ টি |
| ১৭ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনমান উন্নয়ন | ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিক্ষার মানোন্নয়নে বিদ্যালয়মুখী শিশুর হার ৩০% বৃদ্ধি | ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিক্ষার মানোন্নয়নে বিদ্যালয়মুখী শিশুর হার ৪০% বৃদ্ধি | ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিক্ষার মানোন্নয়নে বিদ্যালয়মুখী শিশুর হার ৫০% বৃদ্ধি |
| | | ক্ষুদ্র নৃগোষ্ঠীর কর্মসংস্থান ও দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের হার ৩০% বৃদ্ধি | ক্ষুদ্র নৃগোষ্ঠীর কর্মসংস্থান ও দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের হার ৪০% বৃদ্ধি | ক্ষুদ্র নৃগোষ্ঠীর কর্মসংস্থান ও দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের হার ৫০% বৃদ্ধি |
| ১৮ | ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সেবাসমূহের স্বচ্ছতা বৃদ্ধি | ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সেবাসমূহের ৫০% তথ্য নোটিশবোর্ড ও ওয়েবসাইটে প্রদর্শন | ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সেবাসমূহের ৬০% তথ্য নোটিশবোর্ড ও ওয়েবসাইটে প্রদর্শন | ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সেবাসমূহের ৭৫% তথ্য নোটিশবোর্ড ও ওয়েবসাইটে প্রদর্শন |
| ১৯ | পঞ্চগড়ের ক্ষুদ্র চা চাষীদের প্রশিক্ষণ প্রদান | পঞ্চগড়ের ২৫ জন ক্ষুদ্র চা চাষীদের প্রশিক্ষণ প্রদান | পঞ্চগড়ের ৩৫ জন ক্ষুদ্র চা চাষীদের প্রশিক্ষণ প্রদান | পঞ্চগড়ের ৪৫ জন ক্ষুদ্র চা চাষীদের প্রশিক্ষণ প্রদান |
| ২০ | গ্রাম আদালতের মামলা নিষ্পত্তি নিয়মিত মনিটরিংয়ের মাধ্যমে বৃদ্ধি | ১৫% নিশ্চিতকরণ | ২০% নিশ্চিতকরণ | ২৫% নিশ্চিতকরণ |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২১ | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের বিচার কার্যক্রম ত্বরান্বিতকরণ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতের মামলা নিষ্পত্তি প্রমাণ ১৫% নিশ্চিতকরণ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতের মামলা নিষ্পত্তি ২০% নিশ্চিতকরণ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতের মামলা নিষ্পত্তি ২৫% নিশ্চিতকরণ |
| | | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের মামলা নিষ্পত্তি প্রমাণ ১৫% নিশ্চিতকরণ | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের মামলা নিষ্পত্তি ২০% নিশ্চিতকরণ | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের মামলা নিষ্পত্তি ২৫% নিশ্চিতকরণ |
| ২২ | জেলার ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষা ও বিখ্যাত পণ্যসমূহের প্রচার | ১টি প্রদর্শনী মেলার আয়োজন | ২টি প্রদর্শনী মেলার আয়োজন | ৩টি প্রদর্শনী মেলার আয়োজন |
| ২৩ | অনলাইনে নাগরিক সেবার হার বৃদ্ধিকরণ | My Gov Platform-এ দাখিলকৃত আবেদনসমূহ নির্ধারিত সময়ে ১০০% নিষ্পত্তিকরণ | My Gov Platform-এ দাখিলকৃত আবেদনসমূহ নির্ধারিত সময়ে ১০০% নিষ্পত্তিকরণ | My Gov Platform-এ দাখিলকৃত আবেদনসমূহ নির্ধারিত সময়ে ১০০% নিষ্পত্তিকরণ |
| ২৪ | ভূমি অফিসে সেবার মান বৃদ্ধিকরণ | নির্ধারিত সময়ের মধ্যে নামজারী মামলার নিষ্পত্তির হার ১০০%-এ উন্নীত করা | নির্ধারিত সময়ের মধ্যে নামজারী মামলার নিষ্পত্তির হার ১০০% অব্যাহত রাখা | নির্ধারিত সময়ের মধ্যে নামজারী মামলার নিষ্পত্তির হার ১০০% রাখা |
| | | নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে পর্চা সরবরাহ ১০০%-এ উন্নীত করা | নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে পর্চা সরবরাহ ১০০% অব্যাহত রাখা | নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে পর্চা সরবরাহ ১০০% অব্যাহত রাখা |
| ২৫ | টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) স্থানীয়করণ | শিশুদের ঝরে পড়া রোধে ১০ টি প্রাথমিক বিদ্যালয়ে শতভাগ উপস্থিতি নিশ্চিত করা | শিশুদের ঝরে পড়া রোধে ১৫ টি প্রাথমিক বিদ্যালয়ে শতভাগ উপস্থিতি নিশ্চিত করা | শিশুদের ঝরে পড়া রোধে ২০ টি প্রাথমিক বিদ্যালয়ে শতভাগ উপস্থিতি নিশ্চিত করা |

CamScanner

## সেকশন ২

**২০২৬-২০২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনাঃ**

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২০২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২০২৭) |
| --- | --- | --- | --- | --- | --- | --- |
| সেবা প্রদান (Service Delivery) (মান-২১) | ১ | ৫ বছরের উর্ধ্বে সার্টিফিকেট মামলা নিষ্পত্তি | শতকরা হার | ৪ | | ৫০% |
| | ২ | ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ডসহ সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতাধীন সকল ধরনের কার্ড বিতরণ | শতকরা হার | ৩ | | ১০০% |
| | ৩ | এসিড ও ডিলিং লাইসেন্স নবায়ন ও নতুন প্রদান | শতকরা হার | ৩ | | ৩০% |
| | ৪ | জন্ম নিবন্ধনের শতকরা হার বৃদ্ধি | শতকরা হার | ৪ | | ১০০% |
| | | মৃত্যু নিবন্ধনের শতকরা হার বৃদ্ধি | | | | ৫০% |
| | ১৯ | পঞ্চগড়ের ক্ষুদ্র চা চাষীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণার্থী সংখ্যা | ৩ | | ২৫ জন |
| | ২৩ | My Gov Platform-এ দাখিলকৃত আবেদনসমূহ নির্ধারিত সময়ে নিষ্পত্তিকরণ | শতকরা হার | ৪ | | ১০০% |

CS CamScanner

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২০২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২০২৭) |
|---|---|---|---|---|---|---|
| উদ্ভাবন ও সংস্কার কার্যক্রম (Innovation and Reform Activities) (মান-২৪) | ৬ | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে গাছের চারা বিতরণ | ছাত্রছাত্রীর সংখ্যা | ৩ | | ২০০০ জন |
| | ১৩ | বিশেষ চাহিদাসম্পন্ন নাগরিকদের কর্মসংস্থান সৃষ্টি | সংখ্যা | ৩ | | ১০ জন |
| | ১৪ | উদীয়মান খেলোয়াড়দের পৃষ্ঠপোষকতা প্রদান | টুর্নামেন্টের সংখ্যা | ৩ | | ৪টি |
| | ২৫ | শিশুদের ঝরে পড়া রোধে প্রাথমিক বিদ্যালয়ে শতভাগ উপস্থিতি নিশ্চিত করা | বিদ্যালয়ের সংখ্যা | ৩ | | ১০টি |
| | ৭ | ডে-কেয়ার সেন্টার ও ব্রেস্ট ফিডিং কর্নার স্থাপন | সংখ্যা | ৩ | | ৩টি |
| | ২০ | গ্রাম আদালতের মামলা নিষ্পত্তি নিয়মিত মনিটরিংয়ের মাধ্যমে বৃদ্ধি | শতকরা হার | ৩ | | ১৫% |
| | ৮ | হাট-বাজারে নারীদের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেট স্থাপন | সংখ্যা | ৩ | | ২টি |
| | ৯ | সীমান্তবর্তী এলাকায় অপরাধ হ্রাস | উঠান বৈঠকের সংখ্যা | ৩ | | ১২টি |

CamScanner

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২০২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২০২৭) |
|---|---|---|---|---|---|---|
| প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা (Institutional Capacity and Efficiency) (মান-১৬) | ১০ | মাঠ প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ | প্রশিক্ষণার্থী সংখ্যা | ৪ | | ৭০ জন |
| | ২৪ | নির্ধারিত সময়ের মধ্যে নামজারী মামলার নিষ্পত্তির হার বৃদ্ধি | শতকরা হার | ৩ | | ১০০% |
| | | নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে পর্চা সরবরাহের হার বৃদ্ধি | | | | |
| | ২১ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতের মামলা নিষ্পত্তি নিশ্চিতকরণ | শতকরা হার | ৩ | | ১৫% |
| | | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের মামলা নিষ্পত্তি নিশ্চিতকরণ | | | | |
| | ১৮ | ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সেবাসমূহের তথ্য নোটিশবোর্ড ও ওয়েবসাইটে প্রদর্শন | শতকরা হার | ৩ | | ৫০% |
| | ১১ | ভূমি অধিগ্রহণ মামলার নিষ্পত্তির হার বৃদ্ধি | শতকরা হার | ৩ | | ৪০% |

CamScanner

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২০২৬) | লক্ষ্যমাত্রা (২০২৬-২০২৭) |
|---|---|---|---|---|---|---|
| উন্নয়ন-সংশ্লিষ্ট ও অন্যান্য কার্যক্রম (Development Related and Other Activities) (মান-১৯) | ১২ | প্রান্তিক জনগণের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি | সভার সংখ্যা | ৩ | | ১২ টি |
| | ১৭ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিক্ষার মানোন্নয়নে বিদ্যালয়মুখী শিশুর হার বৃদ্ধি<br>ক্ষুদ্র নৃগোষ্ঠীর কর্মসংস্থান ও দক্ষতা বৃদ্ধিতে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণের হার বৃদ্ধি | শতকরা হার | ৩ | | ৩০% |
| | ৫ | GRS এ প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | কার্যদিবস | ৪ | | ২০ কার্যদিবস |
| | ১৫ | পঞ্চগড় জেলায় পর্যটন শিল্পের বিকাশে স্থানীয় স্টেকহোল্ডারদের সম্পৃক্ত করে কর্মশালা আয়োজন | কর্মশালা সংখ্যা | ৩ | | ৪ টি |
| | | পর্যটন শিল্প বিকাশে ১৫ জন গাইডদের প্রশিক্ষণ | সংখ্যা | | | ১৫ জন |
| | ১৬ | পরিচ্ছন্নতা/বর্জ্য ব্যবস্থাপনা | অভিযান সংখ্যা | ৩ | | ১২ টি |
| | ২২ | জেলার ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষা ও বিখ্যাত পণ্যসমূহের প্রচারে প্রদর্শনী মেলার আয়োজন | সংখ্যা | ৩ | | ১ টি |

৩০.০৬.২৬

এস এম ইমাম রাজী টুলু
অতিরিক্ত জেলা প্রশাসক
(সার্বিক)
ও
টিম লিডার
GPMS টিম
জেলা প্রশাসকের কার্যালয়,
পঞ্চগড়

CamScanner

**সংযোজনী ১: শব্দসংক্ষেপ**

| ক্রমিক | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | GRS | Grievance Redress System |
| ২ | GPMS | Government Performance Monitoring System |
| ৩ | SDG | Sustainable Development Goals |

**সংযোজনী ২ : বিস্তারিত পরিকল্পনা**

| ক্রমিক | পরিকল্পনা | বিস্তারিত পরিকল্পনা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২০২৭ | ২০২৭-২০২৮ | ২০২৮-২০২৯ |
| ১ | ৫ বছরের উর্ধ্বে সার্টিফিকেট মামলা নিষ্পত্তি | পঞ্চগড় জেলায় ৫ বছরের উর্ধ্বে অনিষ্পন্ন অবস্থায় থাকা সকল সার্টিফিকেট মামলার বর্তমান সংখ্যা ও নিষ্পত্তি না হওয়ার কারণ পর্যবেক্ষণ করা হবে। সরকারি দাবি আদায় আইন, ১৯১৩ মোতাবেক এই সমস্ত দীর্ঘমেয়াদী অনিষ্পন্ন সার্টিফিকেট মামলার মধ্য থেকে ন্যূনতম ৫০% মামলা সফলভাবে নিষ্পত্তি করার লক্ষ্যমাত্রা অর্জন করা হবে। | পূর্ববর্তী বছরের ধারাবাহিকতা বজায় রেখে এবং বিচারিক কার্যক্রমের গতি আরও বৃদ্ধি করে জেলার ৫ বছরের উর্ধ্বে থাকা অনিষ্পন্ন সার্টিফিকেট মামলাগুলোর মধ্যে ন্যূনতম ৬০% নিষ্পত্তি নিশ্চিত করা হবে। | চূড়ান্ত পর্যায়ে দীর্ঘদিনের মামলার জট সম্পূর্ণ নিরসনের লক্ষ্যে ৫ বছরের উর্ধ্বে অনিষ্পন্ন থাকা অবশিষ্ট সার্টিফিকেট মামলার ন্যূনতম ৭০% নিষ্পত্তি শতভাগ নিশ্চিত করা হবে। |
| ২ | ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ডসহ সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতাধীন সকল ধরনের কার্ড বিতরণ | সরকার কর্তৃক পঞ্চগড় জেলার জন্য নির্ধারিত সংখ্যক ফ্যামিলি কার্ড উপযুক্ত ও দুস্থ পরিবারের মাঝে স্বচ্ছ তালিকা প্রণয়নের মাধ্যমে বিতরণ কার্যক্রম ১০০% বাস্তবায়ন করা হবে। একই সাথে সরকারের কৃষি প্রণোদনা ও সহায়তা প্রাপ্তি নিশ্চিতকরণের লক্ষ্যে নির্ধারিত সংখ্যক প্রকৃত কৃষকের মাঝে কৃষক কার্ড বিতরণ কার্যক্রমও শতভাগ (১০০%) সফলভাবে সম্পন্ন করা হবে। | সামাজিক নিরাপত্তা বেষ্টনী শক্তিশালীকরণের লক্ষ্যে সরকার কর্তৃক নতুনভাবে নির্ধারিত বা সংশোধিত সংখ্যক ফ্যামিলি কার্ডের প্রকৃত দাবীদারদের মাঝে বিতরণ কার্যক্রম ১০০% বাস্তবায়ন নিশ্চিত করা হবে। পাশাপাশি অতিরিক্ত বা পুনঃনির্ধারিত পরিধির কৃষক কার্ড বিতরণ প্রক্রিয়া ডাটাবেজ যাচাইয়ের মাধ্যমে শতভাগ (১০০%) নিখুঁতভাবে সম্পন্ন করা হবে। | পূর্ববর্তী বছরগুলোর সফলতার ধারাবাহিকতা অক্ষুণ্ন রেখে জেলার আওতাধীন সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতাধীন সরকার কর্তৃক নির্ধারিত কৃষক কার্ড ও ফ্যামিলি কার্ডের শতভাগ (১০০%) বিতরণ নিশ্চিত করা হবে। কোনো যোগ্য ব্যক্তি যেন বাদ না পড়ে তা তদারকি করে লক্ষ্যমাত্রার শতভাগ সফল বাস্তবায়ন অব্যাহত রাখা হবে। |
| ৩ | পঞ্চগড় জেলার এসিড ও ডিলিং লাইসেন্স অনলাইনে নবায়ন ও নতুন প্রদান | জেলার এসিড ও ডিলিং লাইসেন্স নবায়ন কার্যক্রম চলমান রয়েছে। বাজারে লাইসেন্স ব্যতীত ব্যবসা পরিচালনাকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের একটি সুনির্দিষ্ট ও নির্ভুল ডিজিটাল ডেটাবেজ তৈরির কাজ ৩০% সম্পন্ন করা হবে। একই সাথে নাগরিকদের ভোগান্তি ও মধ্যস্বত্বভোগীদের দাপট | লাইসেন্সবিহীন প্রতিষ্ঠানসমূহের ডিজিটাল ডেটাবেজ তৈরির পরিধি আরও সম্প্রসারিত করে ৪০% বাস্তবায়ন সম্পন্ন করা হবে। একই সাথে অনলাইন সিস্টেমের কারিগরি উন্নয়ন | ডেটাবেজ ভেরিফিকেশন ও লাইসেন্সবিহীনদের মাঠ পর্যায়ের তথ্য যাচাই-বাছাইয়ের কাজ ৫০% বাস্তবায়ন নিশ্চিত করা হবে। পাশাপাশি এসিড, ভেন্ডিং ও ডিলিং |

| | | | | |
|---|---|---|---|---|
| | | দাপট কমাতে এসিড ও ডিলিং লাইসেন্সসহ বিভিন্ন ডিলিং লাইসেন্স অনলাইনে নবায়ন এবং নতুন লাইসেন্স ইস্যুর কার্যক্রম ৩০% অনলাইন প্ল্যাটফর্মে রূপান্তর করা হবে। | এবং সচেতনতা বৃদ্ধির মাধ্যমে অনলাইনে এসিড ও ভেন্ডিং লাইসেন্স নবায়ন ও নতুন লাইসেন্স ডিজিটাল পদ্ধতিতে প্রদানের সামগ্রিক অগ্রগতি ৪০%-এ উন্নীত করা হবে। | লাইসেন্স অনলাইনে নবায়ন ও নতুন প্রদানের হার সর্বোচ্চ ৫০% সফলভাবে বাস্তবায়ন করা হবে। |
| ৪ | জন্ম ও মৃত্যু নিবন্ধনের শতকরা হার বৃদ্ধি | জেলায় সামগ্রিক জন্ম নিবন্ধনের হার ১০০% অর্জন করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। একই সাথে মৃত্যু নিবন্ধন এর হারও ৫০% অর্জন করা হবে। | সচেতনতা বৃদ্ধির মাধ্যমে জন্ম নিবন্ধনের হার ১০০% অর্জন অব্যাহত রাখা হবে এবং মৃত্যু নিবন্ধন এর হার বৃদ্ধি করে ৬০% অর্জন নিশ্চিত করা হবে। | চূড়ান্ত বছরে জন্ম নিবন্ধনের হার ১০০% অর্জনের পাশাপাশি মৃত্যু নিবন্ধন এর হার সর্বোচ্চ ৭০% অর্জন নিশ্চিত করা হবে। |
| ৫ | GRS এ প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | নাগরিকদের অধিকার নিশ্চিতকরণে Grievance Redress System (GRS) বা অভিযোগ প্রতিকার ব্যবস্থা অনলাইন পোর্টালে প্রাপ্ত জেলার সকল ধরনের জনস্বার্থ সংশ্লিষ্ট অভিযোগসমূহ সর্বোচ্চ ২০ কার্যদিবসের মধ্যে শতভাগ (১০০%) নিষ্পত্তি ও আবেদনকারীকে ফলাফল অবহিত করার লক্ষ্য নির্ধারণ করা হয়েছে। | মাঠ প্রশাসনের জবাবদিহিতা ও নাগরিক সেবার মান আরও উন্নত ও জনবান্ধব করার লক্ষ্যে GRS পোর্টালে প্রাপ্ত জনভোগান্তি সংক্রান্ত অভিযোগসমূহ পূর্বের চেয়ে আরও দ্রুতগতিতে, অর্থাৎ সর্বোচ্চ ১৫ কার্যদিবসের মধ্যে শতভাগ (১০০%) নিষ্পত্তি সম্পন্ন করা হবে। | দ্রুততম, হয়রানিমুক্ত ও স্বচ্ছ সেবা নিশ্চিতকরণের চূড়ান্ত লক্ষ্যে পৌঁছাতে জেলা ও উপজেলা পর্যায়ের সকল দপ্তরে প্রাপ্ত GRS অভিযোগসমূহ মাত্র ১০ কার্যদিবসের মধ্যে শতভাগ (১০০%) নিষ্পত্তি নিশ্চিত করা হবে। |
| ৬ | ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি | সরকারের নির্বাচনী ইশতেহারের বাস্তবায়ন ও পরিবেশের ভারসাম্য রক্ষা, জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলা এবং সবুজ পঞ্চগড় বিনির্মাণের লক্ষ্যে জেলার সকল উপজেলার নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের মোট ২,০০০ জন ছাত্র-ছাত্রীদের মাঝে ফলজ, বনজ ও ঔষধি গাছের চারাগাছ বিনামূল্যে বিতরণ করা হবে এবং রোপণ তদারকি করা হবে। | এই পরিবেশবান্ধব সমাজিক বনায়ন কার্যক্রমের পরিধি দ্বিগুণ করে জেলার সকল উপজেলার মাধ্যমিক ও প্রাথমিক বিদ্যালয়ের মোট ৪,০০০ জন ছাত্র-ছাত্রীদের মাঝে উন্নত জাতের চারাগাছ বিতরণ ও রোপণ নিশ্চিত করা হবে। | সবুজায়নের এই ধারাকে একটি সামাজিক আন্দোলনে রূপ দেওয়ার লক্ষ্যে চূড়ান্ত বছরে জেলার সকল উপজেলার সর্বমোট ৮,০০০ জন ছাত্র-ছাত্রীদের মাঝে মানসম্মত চারাগাছ বিতরণ ও তার টেকসই রক্ষণাবেক্ষণ নিশ্চিত করা হবে। |
| ৭ | ডে-কেয়ার সেন্টার ও ব্রেস্ট ফিডিং কর্নার স্থাপন | সরকারি ও বেসরকারি সংস্থায় কর্মরত কর্মজীবী মায়েদের শিশুদের নিরাপত্তা ও নির্বিঘ্নে দুগ্ধপানের পরিবেশ নিশ্চিত করতে জেলার ৩টি উপজেলার গুরুত্বপূর্ণ সরকারি অফিস বা জনাকীর্ণ স্থানে মোট ৩টি আধুনিক ডে-কেয়ার সেন্টার ও ব্রেস্ট ফিডিং কর্নার স্থাপন করা হবে। | সেবার পরিধি বাড়িয়ে জেলা সদর দপ্তরসহ ৫টি উপজেলার অন্যান্য গুরুত্বপূর্ণ ও জনসমাগমপূর্ণ কার্যালয় বা পাবলিক প্লেসে এই আধুনিক সেন্টারের সংখ্যা বাড়িয়ে মোট ৬টি ডে-কেয়ার সেন্টার ও ব্রেস্ট ফিডিং কর্নার স্থাপন নিশ্চিত করা হবে। | চূড়ান্ত লক্ষ্যমাত্রা হিসেবে জেলার কর্মজীবী নারী ও শিশুদের সর্বোত্তম কল্যাণে জেলা সদরসহ ৫টি উপজেলার প্রধান প্রধান অর্থনৈতিক ও প্রশাসনিক কেন্দ্রগুলোতে সর্বমোট ৯টি ডে-কেয়ার সেন্টার ও ব্রেস্ট ফিডিং কর্নার স্থাপন ও পরিচালনা নিশ্চিত করা হবে। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ৮ | বাজারে নারীদের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেট স্থাপন | পাবলিক প্লেস ও গ্রামীণ অর্থনৈতিক কেন্দ্রে কেনাকাটা ও ব্যবসার উদ্দেশ্যে আগত নারীদের সামাজিক নিরাপত্তা, গোপনীয়তা ও স্বাস্থ্য সুরক্ষার কথা বিবেচনা করে ২টি উপজেলার গুরুত্বপূর্ণ ও বড় বাজারগুলোতে মোট ২টি আধুনিক ও স্বাস্থ্যসম্মত পাবলিক টয়লেট স্থাপন করা হবে। | তৃণমূল নারী উদ্যোক্তা ও সাধারণ ক্রেতাদের সুবিধার্থে কার্যক্রমের পরিধি বৃদ্ধি করে জেলা সদরসহ বিভিন্ন উপজেলার অন্যান্য গুরুত্বপূর্ণ ও জনবহুল হাট-বাজারগুলোতে মোট ৩টি নারী বান্ধব স্বাস্থ্যসম্মত টয়লেট স্থাপন সম্পন্ন করা হবে। | চূড়ান্ত পর্যায়ে নারীদের জন্য নিরাপদ স্যানিটেশন ব্যবস্থা নিশ্চিতকরণের লক্ষ্যে জেলা সদরসহ পঞ্চগড় জেলার সকল গুরুত্বপূর্ণ ও অর্থনৈতিকভাবে সক্রিয় হাট-বাজারে সর্বমোট ৫টি আধুনিক ও স্বাস্থ্যসম্মত টয়লেট নির্মাণ ও রক্ষণাবেক্ষণ সম্পন্ন করা হবে। |
| ৯ | সীমান্তবর্তী এলাকায় অপরাধ হ্রাস | পঞ্চগড় জেলার সীমান্ত সংলগ্ন এলাকায় চোরাচালান, মাদক পাচার, মানব পাচার ও অন্যান্য সীমান্ত অপরাধ দমনে স্থানীয় জনগণের সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সীমান্তবর্তী গ্রামগুলোতে স্থানীয় জনপ্রতিনিধি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও বিজিবি-পুলিশের সহযোগিতায় মোট ১২টি সচেতনতামূলক উঠান বৈঠকের আয়োজন করা হবে। | সামাজিক প্রতিরোধ ও আইনশৃঙ্খলা পরিস্থিতি আরও জোরদার করার লক্ষ্যে সীমান্তবর্তী ঝুঁকিপূর্ণ গ্রামগুলোতে গণসংযোগ বৃদ্ধি করে সামাজিক সচেতনতামূলক মোট ১৮টি বিশেষ উঠান বৈঠকের আয়োজন করা হবে। | অপরাধ সম্পূর্ণ নিয়ন্ত্রণে নিবিড় গণসংযোগ ও জনগণের অংশীদারিত্ব নিশ্চিতের অংশ হিসেবে জেলার সীমান্তবর্তী সকল গুরুত্বপূর্ণ ও সংবেদনশীল গ্রামে সর্বমোট ২৪টি উঠান বৈঠকের আয়োজন ও নিয়মিত মনিটরিং সম্পন্ন করা হবে। |
| ১০ | মাঠ প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ | মাঠ পর্যায়ের কাজের গতিশীলতা, শুদ্ধাচার, ই-নথি চালনা এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে জেলা ও উপজেলা প্রশাসনে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের দাপ্তরিক ও পেশাগত জ্ঞান বৃদ্ধির লক্ষ্যে মোট ৭০ জন কর্মকর্তা ও কর্মচারীকে পেশাগত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে। | প্রশাসনকে আধুনিক ও জনবান্ধব করার লক্ষ্যে প্রশিক্ষণের পরিধি ও প্রশিক্ষণার্থীর সংখ্যা বৃদ্ধি করে মোট ৮০ জন কর্মকর্তা/কর্মচারীকে আধুনিক আইসিটি ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের আওতায় আনা হবে। | চূড়ান্ত পর্যায়ে মাঠ প্রশাসনের সর্বোচ্চ দক্ষতা ও সরকারি সেবার গুণগত মান নিশ্চিত করতে জেলার সর্বমোট ৮৫ জন কর্মকর্তা ও কর্মচারীকে উন্নত ও বিশেষায়িত পেশাগত প্রশিক্ষণ প্রদান সম্পন্ন করা হবে। |
| ১১ | ভূমি অধিগ্রহণ মামলার নিষ্পত্তির হার বৃদ্ধি | উন্নয়ন প্রকল্পসমূহের দ্রুত বাস্তবায়নের স্বার্থে ভূমি অধিগ্রহণ (LA) সংক্রান্ত জটিলতা ও ক্ষতিপূরণ প্রদান প্রক্রিয়া সহজ করে ঝুলে থাকা মামলা নিষ্পত্তির হার পূর্বের বেঞ্চমার্কের তুলনায় ৪০% বৃদ্ধি করা হবে। | ক্ষতিগ্রস্ত জমির মালিকদের দ্রুত পাওনা পরিশোধ ও আইনি জটিলতা নিরসনে এল এ শাখার প্রশাসনিক তৎপরতা ও শুনানির গতি আরও বাড়িয়ে মামলা নিষ্পত্তির হার ৫০% বৃদ্ধিকরণ নিশ্চিত করা হবে। | সর্বোচ্চ প্রশাসনিক তদারকি ও স্বচ্ছতা নিশ্চিতকরণের মাধ্যমে পঞ্চগড় জেলায় চলমান বিভিন্ন সরকারি উন্নয়ন প্রকল্পের ভূমি অধিগ্রহণ মামলা নিষ্পত্তির হার সর্বোচ্চ ৬০% বৃদ্ধি নিশ্চিত করা হবে। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১২ | প্রান্তিক জনগণের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি | তৃণমূল বা প্রত্যন্ত অঞ্চলের জনগোষ্ঠীর মাঝে মৌলিক স্বাস্থ্যবিধি, পুষ্টি, মা ও শিশু স্বাস্থ্য এবং সংক্রামক ব্যাধি সম্পর্কে সঠিক ধারণা ও সচেতনতা দিতে স্বাস্থ্য বিভাগের সহযোগিতায় প্রান্তিক এলাকায় মোট ১২টি স্বাস্থ্য সচেতনতামূলক অবহিতকরণ সভার আয়োজন করা হবে। | সুস্থ ও সবল জনগোষ্ঠী গড়ে তোলার লক্ষ্যে সচেতনতা বৃদ্ধির এই কার্যক্রমকে আরও বেগবান করতে গ্রামীণ ও চরাঞ্চলে এই ধরনের বিশেষ অবহিতকরণ সভার সংখ্যা বাড়িয়ে মোট ১৮টি সভা সফলভাবে সম্পন্ন করা হবে। | ব্যাপক স্বাস্থ্য প্রচারণার অংশ হিসেবে বছরজুড়ে জেলার সকল দুর্গম ও প্রান্তিক এলাকার পিছিয়ে পড়া জনগণের দোরগোড়ায় স্বাস্থ্যবার্তা পৌঁছে দিতে সর্বমোট ২৪টি অবহিতকরণ সভার আয়োজন ও লিফলেট বিতরণ সম্পন্ন করা হবে। |
| ১৩ | বিশেষ চাহিদাসম্পন্ন নাগরিকদের কর্মসংস্থান | শারীরিক বা মানসিকভাবে প্রতিবন্ধী ও বিশেষ চাহিদাসম্পন্ন নাগরিকদের স্বাবলম্বী ও সমাজের মূল স্রোতে অন্তর্ভুক্ত করতে জেলা সমাজসেবা ও যুব উন্নয়ন দপ্তরের মাধ্যমে মোট ১০ জন বিশেষ চাহিদা সম্পন্ন নাগরিকের জন্য কর্মসংস্থান সৃষ্টি ও পুনর্বাসনের ব্যবস্থা করা হবে। | কর্মসংস্থান প্রাপ্ত এবং বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ শেষে স্বাবলম্বী হওয়া বিশেষ চাহিদাসম্পন্ন যোগ্য নাগরিকের সংখ্যা পূর্বের বছরের চেয়ে বৃদ্ধি করে মোট ১৫ জনে উন্নীত করা হবে। | চূড়ান্ত লক্ষ্যমাত্রা হিসেবে জেলার বিশেষ চাহিদাসম্পন্ন জনগোষ্ঠীর অর্থনৈতিক ও সামাজিক নিরাপত্তা নিশ্চিতকল্পে বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠানে এবং আত্মকর্মসংস্থানের মাধ্যমে মোট ২০ জন বিশেষ চাহিদাসম্পন্ন নাগরিকের স্থায়ী কর্মসংস্থান নিশ্চিত করা হবে। |
| ১৪ | উদীয়মান খেলোয়াড়দের পৃষ্ঠপোষকতা প্রদান | স্থানীয় পর্যায়ে নতুন নতুন তরুণ ক্রীড়া প্রতিভা অন্বেষণ এবং যুবসমাজকে মাদক ও অপরাধমুক্ত রাখতে জেলা ক্রীড়া সংস্থার অধীনে ফুটবল, ক্রিকেটসহ বিভিন্ন ক্রীড়া ইভেন্টের অধীনে জেলায় মোট ৪টি টুর্নামেন্টের আয়োজন ও ক্রীড়াসামগ্রী বিতরণ করা হবে। | জেলায় নিয়মিত ক্রীড়া চর্চা ও সুস্থ বিনোদন পরিবেশ বজায় রাখতে বিভিন্ন খেলাধুলার ইভেন্টের পরিধি ও টুর্নামেন্টের সংখ্যা বাড়িয়ে মোট ৬টি টুর্নামেন্ট সফলভাবে আয়োজন করা হবে। | জেলাজুড়ে ক্রীড়াক্ষেত্রের ব্যাপক উন্নয়ন ও জাতীয় পর্যায়ের খেলোয়াড় তৈরির লক্ষ্যে বিভিন্ন আকর্ষণীয় ইভেন্টের অধীনে সর্বমোট ৮টি টুর্নামেন্ট অত্যন্ত জাঁকজমকপূর্ণভাবে সম্পন্ন করা হবে। |
| ১৫ | পর্যটন শিল্পের বিকাশে কার্যকর উদ্যোগ গ্রহণ | পঞ্চগড় জেলার হিমালয় দর্শন, চা বাগান ও ঐতিহাসিক প্রত্নতাত্ত্বিক পর্যটন শিল্পের বিকাশে স্থানীয় স্টেকহোল্ডার, হোটেল মালিক ও ট্যুর অপারেটরদের সম্পৃক্ত করে মোট ৪টি বিশেষ সেমিনার ও কর্মশালা আয়োজন করা হবে। একই সাথে পর্যটন শিল্প বিকাশে জেলা প্রশাসনের পক্ষ থেকে ১৫ জন গাইডদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। | পর্যটন খাতের উন্নয়নে অংশীজনদের অংশগ্রহণ ও প্রচারণা বাড়াতে কর্মশালার সংখ্যা বৃদ্ধি করে ৫টি কর্মশালা সফলভাবে আয়োজন করা হবে। একই সাথে পর্যটন শিল্প বিকাশে জেলা প্রশাসনের পক্ষ থেকে ২০ জন গাইডদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। | সুদূরপ্রসারী ও টেকসই পর্যটন মহাপরিকল্পনার অংশ হিসেবে জেলার ব্র্যান্ডিংকে আন্তর্জাতিক মহলে তুলে ধরতে মোট ৬টি কর্মশালা আয়োজন করা হবে। পর্যটন খাতের টেকসই উন্নয়নে জেলা প্রশাসনের পক্ষ থেকে ২৫ জন গাইডদেরকে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ১৬ | পরিচ্ছন্নতা/বর্জ্য ব্যবস্থাপনা | শহর ও গ্রামীণ হাট-বাজারের বর্জ্য আধুনিক উপায়ে অপসারণ ও পরিচ্ছন্ন পরিবেশ নিশ্চিতকরণে ব্যবসায়ী ও জনসাধারণের সমন্বয়ে সচেতনতামূলক সভা, সেমিনার এবং মাঠ পর্যায়ে পরিচ্ছন্নতা অভিযানের মোট ১২টি ইভেন্ট ও ক্যাম্পেইন আয়োজন করা হবে। | বর্জ্য ব্যবস্থাপনাকে আরও আধুনিকায়ন করার লক্ষ্যে এই সংক্রান্ত পরিবেশবাদী কার্যক্রমের গতি ও পরিধি বাড়িয়ে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও বাজারভিত্তিক সভা, সেমিনার ও বাস্তব পরিচ্ছন্নতা অভিযানের সংখ্যা মোট ২৪টি সম্পন্ন করা হবে। | সামগ্রিক পরিবেশ সুরক্ষা ও পলিথিনমুক্ত জেলা বিনির্মাণের লক্ষ্যে সচেতনতামূলক সভা, সেমিনার ও মাঠ পর্যায়ের ক্রাশ অভিযানের সংখ্যা সর্বমোট ৪০টি-তে উন্নীত করে পঞ্চগড়কে একটি মডেল পরিচ্ছন্ন জেলা হিসেবে গড়ে তোলা হবে। |
| ১৭ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনমান উন্নয়ন | পঞ্চগড়ে বসবাসরত ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিশুদের শিক্ষার মূল ধারায় ধরে রাখতে এবং শিক্ষার মানোন্নয়নে বিদ্যালয়মুখী আদিবাসী শিশুর হার পূর্বের চেয়ে ৩০% বৃদ্ধি করা হবে। পাশাপাশি তাদের অর্থনৈতিক স্বাবলম্বিতা ও দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন কারিগরি ও সেলাই ট্রেডে প্রশিক্ষণের হার ৩০% বৃদ্ধি করা হবে। | ক্ষুদ্র নৃগোষ্ঠীর ঝরে পড়া রোধ করে বিদ্যালয়মুখী করার হার আরও বাড়িয়ে ৪০% বৃদ্ধি নিশ্চিত করা হবে। এবং তাদের স্থানীয় বাজার চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন কর্মসংস্থানমুখী আধুনিক আইসিটি ও ড্রাইভিং ট্রেডে প্রশিক্ষণের হার ৪০% বৃদ্ধি করা হবে। | জীবনমান উন্নয়নের চূড়ান্ত লক্ষ্য হিসেবে বিদ্যালয়মুখী ক্ষুদ্র নৃগোষ্ঠীর শিশুর হার ৫০% বৃদ্ধি নিশ্চিত করা হবে। এবং তাদের দারিদ্র্য বিমোচনের উদ্দেশ্যে বিভিন্ন প্রয়োজনীয় আয়ের উৎস তৈরি ও ট্রেডে আধুনিক প্রশিক্ষণের হার ৫০% বৃদ্ধি করে কর্মসংস্থান নিশ্চিত করা হবে। |
| ১৮ | ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সেবাসমূহের স্বচ্ছতা বৃদ্ধি | তৃণমূল পর্যায়ে সুশাসন ও ইউনিয়ন পরিষদের জবাবদিহিতা নিশ্চিতকরণে ইউপি কর্তৃক প্রদত্ত নাগরিক সেবাসমূহ, বাজেট ও প্রকল্পের ন্যূনতম ৫০% তথ্য পরিষদের নোটিশবোর্ড এবং ডিজিটাল ওয়েবসাইটে সর্বসাধারণের উন্মুক্ত পরিদর্শনের জন্য নিয়মিত প্রদর্শন করা হবে। | তথ্যের অবাধ অধিকার ও স্বচ্ছতার মাত্রা আরও বৃদ্ধি করে সেবাসমূহের বিস্তারিত তথ্যের নোটিশবোর্ড ও ইউনিয়ন পোর্টাল বা ওয়েবসাইটে হালনাগাদ প্রদর্শনীর হার ৬০%-এ উন্নীত করা হবে এবং তদারকি বৃদ্ধি করা হবে। | তৃণমূল পর্যায়ে পূর্ণাঙ্গ সুশাসন ও দুর্নীতিমুক্ত স্থানীয় সরকার প্রতিষ্ঠায় ইউনিয়ন পরিষদের প্রদত্ত সকল নাগরিক সেবার বিবরণী, ফি ও চার্টসহ ন্যূনতম ৭৫% তথ্য নোটিশবোর্ড ও ওয়েবসাইটে নিয়মিত লাইভ প্রদর্শন নিশ্চিত করা হবে। |
| ১৯ | পঞ্চগড়ের ক্ষুদ্র চা চাষীদের প্রশিক্ষণ প্রদান | পঞ্চগড়ের প্রধান অর্থনৈতিক চালিকাশক্তি ও ব্র্যান্ডিং 'সমতলের চা' শিল্পের মানোন্নয়নে এবং পাতার গুণগত মান বজায় রাখতে জেলার মোট ২৫ জন ক্ষুদ্র চা চাষীকে আধুনিক, কীটনাশকমুক্ত ও বিজ্ঞানসম্মত চাষাবাদ এবং পাতা চয়ন পদ্ধতির উপর বিশেষায়িত প্রশিক্ষণ প্রদান করা হবে। | চা চাষীদের দোরগোড়ায় বৈজ্ঞানিক পরামর্শ পৌঁছাতে এবং মানসম্মত পাতা উৎপাদন নিশ্চিত করতে প্রশিক্ষিত ক্ষুদ্র চা চাষীর সংখ্যা বাড়িয়ে মোট ৩৫ জন চাষীকে উন্নত ডেস্কে ও মাঠে হাতে-কলমে প্রশিক্ষণ দেওয়া হবে। | জেলার ক্ষুদ্র চা চাষীদের বৈশ্বিক বাজারের উপযোগী অর্গানিক চা উৎপাদনে সক্ষম করতে এবং উৎপাদনশীলতা ব্যাপক বৃদ্ধিতে মোট ৪৫ জন ক্ষুদ্র চা চাষীকে বাংলাদেশ চা বোর্ডের বিজ্ঞানীদের মাধ্যমে আধুনিক প্রশিক্ষণের আওতায় আনা হবে। |

CS CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| ২০ | গ্রাম আদালতের মামলা নিষ্পত্তি নিয়মিত মনিটরিংয়ের মাধ্যমে বৃদ্ধি | গ্রামীণ জনগণের অল্প সময়ে ও কম খরচে বিচার প্রাপ্তি নিশ্চিত করতে ইউনিয়ন পরিষদের গ্রাম আদালতসমূহের কার্যক্রম নিয়মিত ও নিবিড় তদারকির (Monitoring) মাধ্যমে গ্রাম আদালতের মামলা নিষ্পত্তির হার বেঞ্চমার্কের চেয়ে ১৫% নিশ্চিতকরণ করা হবে। | উপজেলা নির্বাহী অফিসার ও জেলা প্রশাসনের বিশেষ টিমের মাধ্যমে গ্রাম আদালতের নিয়মিত জবাবদিহিতা নিশ্চিত করে মামলা নিষ্পত্তির হার ক্রমান্বয়ে বৃদ্ধি করে ২০% নিশ্চিতকরণ করা হবে। | দরিদ্র ও প্রান্তিক গ্রামীণ জনগণের দোরগোড়ায় প্রকৃত ও দ্রুত ন্যায়বিচার পৌঁছাতে এবং উচ্চ আদালতের ওপর চাপ কমাতে গ্রাম আদালতের মাধ্যমে স্থানীয় বিরোধ বা মামলা নিষ্পত্তি হার ন্যূনতম ২৫% নিশ্চিতকরণ করা হবে। |
| ২১ | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের বিচার কার্যক্রম ত্বরান্বিতকরণ | ফৌজদারি কার্যবিধি অনুযায়ী অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (ADM) আদালতের আপিল ও অন্যান্য মামলা নিষ্পত্তির হার গতিশীল করে প্রমাপ অনুযায়ী ১৫% নিশ্চিতকরণ করা হবে। একই সাথে আইন-শৃঙ্খলা রক্ষা ও মোবাইল কোর্ট পরিচালনার স্বার্থে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের মামলা নিষ্পত্তিও প্রমাপ অনুযায়ী ১৫% নিশ্চিতকরণ করা হবে। | বিচারের দীর্ঘসূত্রিতা কমাতে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতের মামলা নিষ্পত্তি হার পূর্বের চেয়ে বাড়িয়ে ২০% নিশ্চিতকরণ করা হবে। এবং এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের নিয়মিত মামলার শুনানির মাধ্যমে নিষ্পত্তি ২০% নিশ্চিতকরণ করা হবে। | বিচারিক গতিশীলতা এনে অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতের মামলা নিষ্পত্তি ২৫% নিশ্চিতকরণ করা হবে। পাশাপাশি আইনগত প্রক্রিয়া মেনে দ্রুততম সময়ে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের মামলা নিষ্পত্তিও ২৫% নিশ্চিতকরণ করা হবে। |
| ২২ | জেলার ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষা ও বিখ্যাত পণ্যসমূহের প্রচার | জেলার ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষা ও বিখ্যাত পণ্যসমূহের প্রচারে ১টি প্রদর্শনী মেলার আয়োজন করা হবে। | জেলার ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষা ও বিখ্যাত পণ্যসমূহের প্রচারে ২টি প্রদর্শনী মেলার আয়োজন করা হবে। | জেলার ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষা ও বিখ্যাত পণ্যসমূহের প্রচারে ৩টি প্রদর্শনী মেলার আয়োজন করা হবে। |
| ২৩ | অনলাইনে নাগরিক সেবার হার বৃদ্ধিকরণ | My Gov Platform (মাই গভ প্ল্যাটফর্ম)-এ অনলাইনের মাধ্যমে পঞ্চগড় জেলা প্রশাসনের বিভিন্ন শাখার সেবা পাওয়ার জন্য দাখিলকৃত সকল নাগরিক আবেদনসমূহ নির্ধারিত আইনি ও সিটিজেন চার্টারের সময়ের মধ্যে শতভাগ (১০০%) নিষ্পত্তিকরণ করা হবে। | অনলাইন সেবার পরিধি বৃদ্ধির মাধ্যমে প্ল্যাটফর্মে প্রাপ্ত বিভিন্ন জটিল আবেদনসমূহও নির্ধারিত সময়ের মধ্যে শতভাগ (১০০%) নিষ্পত্তির এই সফল ধারাটি কঠোরভাবে বজায় রাখা হবে। | হয়রানিমুক্ত, সম্পূর্ণ স্বচ্ছ ও কাগজবিহীন (Paperless) নাগরিক সেবা নিশ্চিতকরণের চূড়ান্ত ধাপে অনলাইনে প্রাপ্ত সকল প্রকার আবেদন নির্ধারিত সময়ের মধ্যে কোনো রকম বিলম্ব ছাড়াই শতভাগ (১০০%) নিষ্পত্তিকরণ এবং নাগরিক সন্তুষ্টি বজায় রাখা হবে। |
| ২৪ | ভূমি অফিসে সেবার মান বৃদ্ধিকরণ | ভূমি সংক্রান্ত জালিয়াতি ও ভোগান্তি রোধে ই-নামজারী (e-Mutation) আবেদনসমূহ নির্ধারিত ২৮ দিনের (বা সরকারি নিয়ম অনুযায়ী) মধ্যে নিষ্পত্তির হার ১০০%-এ উন্নীত করা হবে। এবং ই-খতিয়ান পোর্টালের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে অনলাইনে খতিয়ান/পর্চা সরবরাহ | নির্ধারিত সময়ের মধ্যে নামজারী মামলার নিষ্পত্তির হার শতভাগ (১০০%) সফলভাবে অব্যাহত রাখা হবে। পাশাপাশি ঘরে বসেই যেন নাগরিকরা পর্চা পেতে পারেন সেজন্য অনলাইনে পর্চা | পঞ্চগড়ের ভূমি সেবাকে সম্পূর্ণ দালালমুক্ত, আধুনিক ও স্বচ্ছ রাখতে নির্ধারিত সময়ে ই-নামজারী মামলার নিষ্পত্তির হার ১০০% ধরে রাখা হবে। এবং |

CamScanner

| | | | | |
|---|---|---|---|---|
| | | কার্যক্রমও ১০০%-এ উন্নীত করা হবে। | সরবরাহ কার্যক্রমের গতিও শতভাগ (১০০%) কঠোর মনিটরিংয়ের মাধ্যমে অব্যাহত রাখা হবে। | অনলাইনে পর্চা সরবরাহ কার্যক্রমের শতভাগ (১০০%) সফল ধারা কোনো বিচ্যুতি ছাড়াই সম্পূর্ণ নিরবচ্ছিন্ন রাখা নিশ্চিত করা হবে। |
| ২৫ | টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) স্থানীয়করণ | মানসম্মত প্রাথমিক শিক্ষা (SDG 4) নিশ্চিতকরণ ও শিশুদের স্কুল থেকে ঝরে পড়া রোধ করতে জেলার ১০টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের শতভাগ (১০০%) দৈনিক উপস্থিতি নিশ্চিত করার মডেল প্রোগ্রাম নেওয়া হবে। | ঝরে পড়ার ঝুঁকিতে থাকা শিশুদের নিয়মিত পুষ্টি ও স্কুল ফিডিংয়ের মাধ্যমে মোট ১৫টি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীদের শতভাগ নিয়মিত উপস্থিতি নিশ্চিত করা হবে। | প্রাথমিক শিক্ষার টেকসই মানোন্নয়নে জেলার পিছিয়ে পড়া এলাকার মোট ২০টি প্রাথমিক বিদ্যালয়ে শিশুদের শতভাগ দৈনিক উপস্থিতি ও আনন্দময় শিখন নিশ্চিত করা হবে। |

CamScanner

সংযোজনী ৩: কর্মসম্পাদনের প্রমাণক

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|
| ১ | ৫ বছরের উর্ধ্বে সার্টিফিকেট মামলা নিষ্পত্তি | মাসিক ও বার্ষিক রিপোর্ট |
| ২ | ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ডসহ সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতাধীন সকল ধরনের কার্ড বিতরণ | হালনাগাদ প্রতিবেদন, বিতরণের স্থিরচিত্র |
| ৩ | এসিড ও ভেন্ডিং লাইসেন্স অনলাইনে নবায়ন ও নতুন প্রদান | হালনাগাদ প্রতিবেদন |
| ৪ | জন্ম ও মৃত্যু নিবন্ধনের শতকরা হার বৃদ্ধি | মাসিক রিপোর্ট |
| ৫ | GRS এ প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | সিস্টেম জেনারেটেড রিপোর্ট |
| ৬ | ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি | বাস্তবায়নের প্রতিবেদন ও স্থিরচিত্র |
| ৭ | ডে-কেয়ার সেন্টার ও ব্রেস্ট ফিডিং কর্নার স্থাপন | বাস্তবায়নের প্রতিবেদন ও স্থিরচিত্র |
| ৮ | বাজারে নারীদের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেট স্থাপন | বাস্তবায়নের প্রতিবেদন ও স্থিরচিত্র |
| ৯ | সীমান্তবর্তী এলাকায় অপরাধ হ্রাস | বাস্তবায়নের প্রতিবেদন ও স্থিরচিত্র |
| ১০ | মাঠ প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ | প্রশিক্ষণের রিপোর্ট ও স্থিরচিত্র |
| ১১ | ভূমি অধিগ্রহণ মামলার নিষ্পত্তির হার বৃদ্ধি | মাসিক ও বার্ষিক রিপোর্ট |
| ১২ | প্রান্তিক জনগণের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি | বাস্তবায়নের প্রতিবেদন ও স্থিরচিত্র |
| ১৩ | বিশেষ চাহিদাসম্পন্ন নাগরিকদের কর্মসংস্থান | বাস্তবায়নের প্রতিবেদন ও স্থিরচিত্র |
| ১৪ | উদীয়মান খেলোয়াড়দের পৃষ্ঠপোষকতা প্রদান | বাস্তবায়নের প্রতিবেদন ও স্থিরচিত্র |
| ১৫ | পর্যটন শিল্পের বিকাশে কার্যকর উদ্যোগ গ্রহণ | বাস্তবায়নের প্রতিবেদন ও স্থিরচিত্র |
| ১৬ | পরিচ্ছন্নতা/বর্জ্য ব্যবস্থাপনা | অভিযানের রিপোর্ট ও স্থিরচিত্র |
| ১৭ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনমান উন্নয়ন | বাস্তবায়নের প্রতিবেদন ও স্থিরচিত্র |
| ১৮ | ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সেবাসমূহের স্বচ্ছতা বৃদ্ধি | পরিবীক্ষণ প্রতিবেদন |
| ১৯ | পঞ্চগড়ের ক্ষুদ্র চা চাষীদের প্রশিক্ষণ প্রদান | প্রশিক্ষণ সংক্রান্ত রিপোর্ট, কার্যবিবরণী ও স্থিরচিত্র |
| ২০ | গ্রাম আদালতের মামলা নিষ্পত্তি নিয়মিত মনিটরিংয়ের মাধ্যমে বৃদ্ধি | পরিদর্শন প্রতিবেদন |
| ২১ | ম্যাজিস্ট্রেট আদালতের বিচার কার্যক্রম ত্বরান্বিতকরণ | মাসিক ও বাৎসরিক মামলা নিষ্পত্তির বিবরণী |
| ২২ | জেলার ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষা ও বিখ্যাত পণ্যসমূহের প্রচার | প্রতিবেদন ও স্থিরচিত্র |
| ২৩ | অনলাইনে নাগরিক সেবার হার বৃদ্ধিকরণ | বাস্তবায়নের প্রতিবেদন |
| ২৪ | ভূমি অফিসে সেবার মান বৃদ্ধিকরণ | পরিদর্শন প্রতিবেদন ও রিপোর্ট |
| ২৫ | টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) স্থানীয়করণ | বাস্তবায়নের প্রতিবেদন |

CamScanner

**সংযোজনী ৪: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ**

| ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | যেসব অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল | সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ১ | ৫ বছরের উর্ধ্বে সার্টিফিকেট মামলা নিষ্পত্তি | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | সমন্বিত কার্যক্রম পরিচালনা |
| ২ | ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ডসহ সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতাধীন সকল ধরনের কার্ড বিতরণ | জেলা ও উপজেলা সমাজসেবা কার্যালয়, | সমন্বিত কর্মসূচি গ্রহণ |
| ৩ | এসিড ও ভেন্ডিং লাইসেন্স অনলাইনে নবায়ন ও নতুন প্রদান | নিজ কার্যালয় | প্রযোজ্য নয় |
| ৪ | জন্ম ও মৃত্যু নিবন্ধনের শতকরা হার বৃদ্ধি | ইউনিয়ন পরিষদ ও পৌরসভা | সমন্বিত কার্যক্রম পরিচালনা |
| ৫ | GRS এ প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি | নিজ কার্যালয় | প্রযোজ্য নয় |
| ৬ | ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ইউনিয়ন পরিষদ কার্যালয়, বন বিভাগ, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় | সমন্বিত কর্মসূচি গ্রহণ |
| ৭ | ডে-কেয়ার সেন্টার ও ব্রেস্ট ফিডিং কর্নার স্থাপন | জেলা ও উপজেলা পরিষদ, পৌরসভা | সমন্বিত করমপরিকল্পনা গ্রহণ |
| ৮ | বাজারে নারীদের জন্য স্বাস্থ্যসম্মত টয়লেট স্থাপন | জেলা ও উপজেলা পরিষদ, পৌরসভা | সমন্বিত করমপরিকল্পনা গ্রহণ |
| ৯ | সীমান্তবর্তী এলাকায় অপরাধ হ্রাস | উপজেলা প্রশাসন, বিজিবি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর | সমন্বিত কর্মসূচি গ্রহণ |
| ১০ | মাঠ প্রশাসনের কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ | নিজ কার্যালয় | প্রযোজ্য নয় |
| ১১ | ভূমি অধিগ্রহণ মামলার নিষ্পত্তির হার বৃদ্ধি | উপজেলা ভূমি অফিস | সমন্বিত কার্যক্রম পরিচালনা |
| ১২ | প্রান্তিক জনগণের স্বাস্থ্য সচেতনতা বৃদ্ধি | সিভিল সার্জনের কার্যালয়, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স | সমন্বিত কর্মসূচি গ্রহণ |
| ১৩ | বিশেষ চাহিদাসম্পন্ন নাগরিকদের কর্মসংস্থান | জেলা ও উপজেলা সমাজসেবা কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, উপজেলা পরিষদ, প্রতিবন্ধী সেবা ও সাহায্য কেন্দ্র | সমন্বিত করমপরিকল্পনা গ্রহণ |
| ১৪ | উদীয়মান খেলোয়াড়দের পৃষ্ঠপোষকতা প্রদান | জেলা ক্রিড়া অফিস | সমন্বিত কর্মসূচি গ্রহণ |
| ১৫ | পর্যটন শিল্পের বিকাশে কার্যকর উদ্যোগ গ্রহণ | বাংলাদেশ চা বোর্ড, উপজেলা প্রশাসন | সমন্বিত কর্মসূচি গ্রহণ |
| ১৬ | পরিচ্ছন্নতা/বর্জ্য ব্যবস্থাপনা | উপজেলা পরিষদ, পৌরসভা, ইউনিয়ন পরিষদ | সমন্বিত পদক্ষেপ গ্রহণ |
| ১৭ | ক্ষুদ্র নৃগোষ্ঠীর জীবনমান উন্নয়ন | জেলা ও উপজেলা শিক্ষা অফিস, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, জেলা ও উপজেলা সমাজসেবা কার্যালয় | সমন্বিত কর্মসূচি গ্রহণ |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৮ | ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত সেবাসমূহের স্বচ্ছতা বৃদ্ধি | উপজেলা প্রশাসন, ইউনিয়ন পরিষদ | সমন্বিত কর্মসূচি বাস্তবায়ন |
| ১৯ | পঞ্চগড়ের ক্ষুদ্র চা চাষীদের প্রশিক্ষণ প্রদান | বাংলাদেশ চা বোর্ড | সমন্বিত কর্মসূচি গ্রহণ |
| ২০ | গ্রাম আদালতের মামলা নিষ্পত্তি নিয়মিত মনিটরিংয়ের মাধ্যমে বৃদ্ধি | ইউনিয়ন পরিষদ | সমন্বিত কর্মসূচি বাস্তবায়ন |
| ২১ | এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতের বিচার কার্যক্রম ত্বরান্বিতকরণ | নিজ কার্যালয় | প্রযোজ্য নয় |
| ২২ | জেলার ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষা ও বিখ্যাত পণ্যসমূহের প্রচার | জেলা শিল্পকলা একাডেমি | সমন্বিত কর্মসূচি গ্রহণ |
| ২৩ | অনলাইনে নাগরিক সেবার হার বৃদ্ধিকরণ | নিজ কার্যালয় | প্রযোজ্য নয় |
| ২৪ | ভূমি অফিসে সেবার মান বৃদ্ধিকরণ | ইউনিয়ন ও উপজেলা ভূমি অফিস | সমন্বিত কার্যক্রম পরিচালনা |
| ২৫ | টেকসই উন্নয়ন অভীষ্ট (SDG) স্থানীয়করণ | জেলা ও উপজেলা শিক্ষা অফিস | সমন্বিত কর্মসূচি গ্রহণ |

৩০.০৮.২৩

এস এম ইমাম রাজী টুলু
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
ও
টিম লিডার
GPMS টিম
জেলা প্রশাসকের কার্যালয়, পঞ্চগড়

CamScanner